বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৪)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd

স্মারক নং: বেশিনিক/প্রশা:/তথ্য প্রদান/২৫২(অংশ-২)/২০১৫/৩৪৬

তারিখ: ১৪ চৈত্র ১৪২৫
২৮ মার্চ ২০১৯

**বিষয়: জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি বিবেচনাপূর্বক চাকরিতে নিয়োগ ও অন্যান্য সেবা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৪ মার্চ ২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.১৩৪ সংখ্যক পত্র, মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ মার্চ ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৯.২১৩ সংখ্যক পত্র ও নির্বাচন কমিশন সচিবালয়ের আধা-সরকারি পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

২৮.০৩.২০১৯
(দিলসাদ চৌধুরী)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ৪১০৩০১২৭।

অনুলিপি:

১. সদস্য (প্রশাসন ও অর্থ/পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন/শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা;
২. সচিব, এনটিআরসিএ, ঢাকা;
৩. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৪. জেলা শিক্ষা অফিসার (সকল);
৫. উপজেলা শিক্ষা অফিসার (সকল);
৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপার (সকল);

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.৩৭৪ তারিখ: ১০ চৈত্র ১৪২৫
২৪ মার্চ ২০১৯

বিষয়: **জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি বিবেচনাপূর্বক চাকরিতে নিয়োগ ও অন্যান্য সেবা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ মার্চ ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৯.২১৩ সংখ্যক পত্র ও নির্বাচন কমিশন সচিবালয়ের আধা-সরকারি পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

২৪-৩-২০১৯
কাউসার নাসরীন
উপসচিব
ফোন: ৯৫৪৯১৩০
ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৪) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
৫) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৬) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী, ঢাকা।
৯) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১০) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা।
১১) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।

১২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
১৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
১৬) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৭) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
১৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
১৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
২০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
২১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা।
২৩) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.৩৭৪/১(২)

তারিখ: ১০ চৈত্র ১৪২৫
২৪ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) উপসচিব, সাধারণ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৪-৩-২০১৯
কাউসার নাসরীন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
**সাধারণ অধিশাখা**
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৯.২১৩

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫ / ০৫ মার্চ ২০১৯

**বিষয়: জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি বিবেচনাপূর্বক চাকরিতে নিয়োগ ও অন্যান্য সেবা প্রদান সংক্রান্ত।**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের
আধা-সরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৬৪.২২.০৪৫.১৯.২৩ তারিখ: ১২.০২.২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে তাঁর মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন দপ্তরে চাকরিতে নিয়োগ ও অন্যান্য সেবা প্রদানের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি বিবেচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে এইসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: দুই পাতা

(মোঃ সাজ্জাদুল হাসান)
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
general_sec@cabinet.gov.bd

অতি: সচিব (প্রঃ ও অঃ) এর দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
11 MAR 2019
ডাইরী নং ২৮৭

০১। সিনিয়র সচিব

........................................................ মন্ত্রণালয়/বিভাগ

০২। সচিব/ভারপ্রাপ্ত সচিব

........................................................ মন্ত্রণালয়/বিভাগ

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৯.২১৩

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫ / ০৫ মার্চ ২০১৯

অনুলিপি:

০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
০২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

সচিবের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

(মোঃ সাজ্জাদুল হাসান)
উপসচিব

হেলালুদ্দীন আহমদ
সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
ঢাকা। বাংলাদেশ

আধা সরকারি পত্র নং - ১৭.০০.০০০০.০৬৪.২২.০৪৫.১৯. ২৩

৩০ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ১২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

প্রিয় স্যার,

আমার সশ্রদ্ধ সালাম ও শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি নিশ্চয়ই অবহিত আছেন যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক চাকরি প্রত্যাশীদেরকে চাকরি প্রদান করা হলেও চাকরি প্রাপ্তির ক্ষেত্রে যথাযথ তথ্য প্রদান করা হয়েছে কি না প্রায়শঃ তা নিশ্চিত করা হয় না এবং অনেক সময় জাতীয় পরিচয়পত্রে লিপিবদ্ধ তথ্যাদি লক্ষ করা হয় না বা জাতীয় পরিচয়পত্র নেওয়া হলেও তার সঠিকতা যাচাই করা হয় না। উল্লেখ্য, "চাকরি বেতন ও ভাতাদি আদেশ, ২০১৫" এর অনুচ্ছেদ ৩৪ অনুসারে সরকারি চাকরিজীবীগণের বেতন নির্ধারণ/বেতন প্রাপ্তিতে জাতীয় পরিচয়পত্রের তথ্যাদির ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। ফলশ্রুতিতে চাকরি পাওয়ার পর Pay Fixation সংক্রান্ত জটিলতার সৃষ্টি হয় এবং পরবর্তীতে ভুক্তভোগীরা জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের দারস্থ হলে বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হতে হয়।

২। নিয়োগের প্রাক্কালে জাতীয় পরিচয়পত্রে লিপিবদ্ধ তথ্যাদি (বিশেষ করে নিজ নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ এবং নিজ জেলা) আমলে নিয়ে নিয়োগদানের জন্য মাননীয় কমিশন সদয় নির্দেশনা প্রদান করেছেন। ইতোপূর্বে এতদসংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারিকরণের নিমিত্ত সচিব, জন প্রশাসন মন্ত্রণালয় বরাবর একটি পত্র প্রেরণ করা হয়েছিল (কপি সংযুক্ত)। কিন্তু বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক উক্ত নির্দেশনা প্রতিপালন করা হয় না মর্মে বিবেচিত হয়।

৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি আমলে নিয়ে চাকরি ও অন্যান্য সেবা প্রদানের নিমিত্ত সদয় নির্দেশনা জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

(হেলালুদ্দীন আহমদ)

জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

সাধারণ অধিশাখা
ডায়রি নং ...
তারিখঃ ...
☐ ..................তারিখের মধ্যে উপস্থাপন করুন
☐ আলোচনা করুন
☐ সংশ্লিষ্ট নথিতে রাখুন
☐ গার্ড ফাইলে রাখুন
☐ কার্যক্রম নাই
প্রশাসনিক কর্মকর্তা
উপসচিব

হেলালুদ্দীন আহমদ
ভারপ্রাপ্ত সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন ঃ +৮৮-০২-৫৫০০৭৬০০
ফ্যাক্স ঃ +৮৮-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd
ওয়েবঃ www.ecs.gov.bd

আধা সরকারি পত্র নং - ১৭.০০.০০০০.০৬৪.৫২.০০১.১৪-১৪৯

তারিখঃ ৩০ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ / ১৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

শ্রদ্ধেয় মহোদয়,

আমার সালাম ও শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি নিশ্চয়ই অবহিত আছেন যে, "চাকরি বেতন ও ভাতাদি আদেশ, ২০১৫" এর অনুচ্ছেদ ৩৪ অনুসারে সরকারি চাকরিজীবীগণের বেতন নির্ধারণ/বেতন প্রাপ্তিতে জাতীয় পরিচয়পত্রের তথ্যাদির ব্যবহার বাধ্যতামূলক। তদসত্ত্বেও অনেক ক্ষেত্রে সরকারি চাকরিতে নিয়োগের সময় নিয়োগকারী কর্তৃপক্ষ জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি আমলে না নিয়ে নিয়োগ প্রদানের ফলে নিম্নরূপ সমস্যার অবতারণা হচ্ছেঃ

- চাকরি প্রাপ্তির পর বেতন নির্ধারণ করার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রে লিপিবদ্ধ তথ্যের (বিশেষ করে জন্ম তারিখ ও নিজ নাম) সাথে নিয়োগপত্র/সার্ভিস বহিতে লিপিবদ্ধ তথ্যের তারতম্য হওয়ার কারণে pay Fixation সম্ভব হচ্ছেনা;
- সরকারি চাকরির বয়সসীমা অতিক্রান্ত হওয়ার পরও ভিন্ন ভিন্ন ডকুমেন্টে বয়স কম দেখিয়ে চাকরিতে আবেদনের সুযোগ পেলেও পরবর্তীতে pay Fixation না হওয়ায় ঐ সকল ব্যক্তি আর্থিক ক্ষতিসহ মারাত্মক ভোগান্তি ও হয়রানির সম্মুখীন হচ্ছে;
- বিশেষত চতুর্থ শ্রেণীর চাকরির ক্ষেত্রে ব্যক্তির প্রকৃত শিক্ষাগত যোগ্যতা ও জন্ম তারিখ গোপন করে চাকরিতে যোগদানেরর ফলে যোগ্য ব্যক্তি চাকরি হতে বঞ্চিত হচ্ছে;
- জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি আমলে না নিয়ে সরকারি দপ্তরে নিয়োগ প্রক্রিয়ার ক্ষেত্রে ব্যক্তির তথ্য-উপাত্ত বিকৃতি করা সহ নানা রকম অসুদপায় অবলম্বনের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে;
- নির্বাচন কমিশনের মাঠ পর্যায়ে অফিসারগণ কর্তৃক (জাতীয় পরিচয়পত্র সংশোধনের আবেদন সংক্রান্ত) তদন্তে বাস্তবতার সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এমন জন্ম-তারিখ ব্যবহার করে চাকরি প্রাপ্তির ঘটনা উদঘাটিত হচ্ছে।

বর্ণিতাবস্থায়, সরকারি চাকরিতে নিয়োগ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি আমলে নেওয়ার প্রয়োজনীয় নির্দেশনা জারির জন্য আপনার ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

(হেলালুদ্দীন আহমদ)

ডঃ মোহাম্মদ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।